



মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ উদযাপন উপলক্ষে অনুষ্ঠিতব্য প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব নুসরাত জাহান, উপজেলা নির্বাহী অফিসার, বাসাইল, টাঙ্গাইল
সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, বাসাইল, টাঙ্গাইল
তারিখ ও সময় : ১৭ ফেব্রুয়ারি ২০২১ খ্রিঃ, বিকাল ৩.০০ টায়
উপস্থিত হাজিরা : রেজিস্টারে সংরক্ষিত

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে ও ভাষা শহীদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে সভার কাজ শুরু করেন। অমর একুশে ফেব্রুয়ারি মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের তাৎপর্য ব্যাখ্যা করে দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালনের নিমিত্তে কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নের লক্ষ্যে সকলের সার্বিক সহযোগিতা ও পরামর্শ কামনা করেন। বিস্তারিত আলোচনাতে দিবসটি পালনের জন্য জাতীয় কর্মসূচির সাথে সমন্বয় রেখে এ উপজেলায় নিম্নরূপ কর্মসূচি গ্রহণ ও সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

কর্মসূচি

তারিখ ও সময়	কর্মসূচি	স্থান	বাস্তবায়নে/ব্যবস্থাপনায়
১৮-২০ ফেব্রুয়ারি ২০২১ সকাল ১০.০০ টায়	চিত্রাংকন প্রতিযোগিতা ক-গ্রুপ (শিশু শ্রেণি হতে ২য় শ্রেণি) বিষয়: অমর একুশে ফেব্রুয়ারি খ-গ্রুপ (৩য় শ্রেণি হতে ৫ম শ্রেণি) বিষয়: একুশের চেতনা	উপজেলা পরিষদ সভাকক্ষ, বাসাইল	উপজেলা প্রশাসন ও সংশ্লিষ্ট উপ-কমিটি
১৮-২০ ফেব্রুয়ারি ২০২১ সকাল ১১.০০ টায়	রচনা প্রতিযোগিতা ক-গ্রুপ (৬ষ্ঠ শ্রেণি হতে দশম শ্রেণি) বিষয়: একুশের চেতনা ও বঙ্গবন্ধু খ-গ্রুপ (একাদশ শ্রেণি হতে তদুর্ধ্ব) বিষয়: বাংলা ভাষা ও বাঙ্গালী	উপজেলা পরিষদ সভাকক্ষ, বাসাইল	উপজেলা প্রশাসন ও সংশ্লিষ্ট উপ-কমিটি
২০ ফেব্রুয়ারি ২০২১ রাত ১০.০০ টায়	অমর একুশ/ভাষার গান	কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণ	উপজেলা শিল্পকলা একাডেমি, বাসাইল
২১ ফেব্রুয়ারি ২০২১ প্রথম প্রহর ০০.০১ টায়	শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ ও শহীদদের আত্মার মাগফেরাত কামনা	কেন্দ্রীয় শহীদ মিনার, বাসাইল	উপজেলা প্রশাসন ও সংশ্লিষ্ট উপ-কমিটি
২১ ফেব্রুয়ারি ২০২১ সূর্যোদয়ের সাথে সাথে	জাতীয় পতাকা অর্ধনমিত রাখা	সকল সরকারি/বেসরকারি/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/ভবন	সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/ ভবন মালিকগণ
২১ ফেব্রুয়ারি ২০২১ সকাল ৮.০০ টায়	প্রভাতফেরি	উপজেলা পরিষদ চত্বর হতে শুরু হয়ে বাসাইল বাজার প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদ সভাকক্ষে অনুষ্ঠানে যোগদান	উপজেলা প্রশাসন ও সংশ্লিষ্ট উপ-কমিটি
২১ ফেব্রুয়ারি ২০২১ সকাল ৮.৩০ টায়	"আমার মাতৃভাষা" শীর্ষক প্রামাণ্যচিত্র প্রদর্শন	উপজেলা পরিষদ সভাকক্ষ, বাসাইল	সহকারী প্রোগ্রামার, আইসিটি, বাসাইল
২১ ফেব্রুয়ারি ২০২১ সকাল ৯.০০ টায়	আলোচনা সভা ও পুরস্কার বিতরণ	উপজেলা পরিষদ সভাকক্ষ, বাসাইল	সংশ্লিষ্ট উপ-কমিটি
২১ ফেব্রুয়ারি ২০২১ সকাল ০৯.০০ টায়	রক্তদান ও করোনা ভাইরাস প্রতিষেধক টিকা প্রদান কর্মসূচি: সর্বসাধারণের জন্য	উপজেলা পরিষদ চত্বর, বাসাইল ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্র, বাসাইল	সংশ্লিষ্ট উপ-কমিটি
২১ ফেব্রুয়ারি ২০২১ বাদ যোহর / সুবিধাজনক সময়ে	মসজিদ, মন্দির, গির্জা ও ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ মোনাজাত ও প্রার্থনা	সংশ্লিষ্ট প্রতিষ্ঠান	মসজিদের ইমাম/ মন্দিরের পুরোহিত ও প্রতিষ্ঠান প্রধানগণ